# উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড

উত্তরা রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
সংগলশী, নীলফামারী।

সূত্র নং ঃ ০৩.০৬.৭৩৬৪.৩৩৫.১১.০২৭.২৫.-৫৬১

তারিখ ঃ ১৩ নভেম্বর, ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড, উত্তরা ইপিজেড, নীলফামারী এর অধীনে নিম্নবর্ণিত পদসমূহে স্থায়ী ও চুক্তিভিত্তিতে লোকবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | নিয়োগের ধরন | বয়স ১৮/১২/২০২৫ পর্যন্ত (অনুর্ধ্ব) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | চিকিৎসা কর্মকর্তা (২২,০০০-৫৩,০৬০/-) (গ্রেড-০৯) সহ প্রাপ্য অন্যান্য সুবিধাদি। | ০১ (এক) | স্থায়ী | ৩২ বৎসর | এম.বি.বি.এস. ডিগ্রিধারী এবং বি.এম.ডি.সি. রেজিষ্ট্রেশন প্রাপ্ত। আল্ট্রাসনোগ্রামে পারদর্শীদের অগ্রাধিকার দেওয়া হবে। অভিজ্ঞতা সম্পন্ন/বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| | চিকিৎসা কর্মকর্তা (মাসিক সর্বসাকুল্যে ৩২,০০০/-) | ০২ (দুই) | চুক্তিভিত্তিক | | |
| ০২ | সিনিয়র ষ্টাফ নার্স (১৬,০০০-৩৮,৬৪০/-) (গ্রেড-১০) সহ প্রাপ্য অন্যান্য সুবিধাদি। | ০১ (এক) | স্থায়ী | ৩২ বৎসর | সরকারী স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হতে ০৩ বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা-ইন-মিডওয়াইফারি সার্টিফিকেট এ উত্তীর্ণ অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নার্সিং বিষয়ে স্নাতক ডিগ্রী। বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে রেজিষ্ট্রেশন প্রাপ্ত। অভিজ্ঞতা সম্পন্ন/বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| | সিনিয়র ষ্টাফ নার্স (মাসিক সর্বসাকুল্যে ১৬,০০০/-) | ০২ (দুই) | চুক্তিভিত্তিক | | |
| ০৩ | ড্রাইভার (মাসিক সর্বসাকুল্যে ১২,৫০০/-) | ০১ (এক) | চুক্তিভিত্তিক | ৩২ বৎসর | এস.এস.সি. পাসসহ যানবাহন চালনায় সরকার কর্তৃক নির্ধারিত উপযুক্ত কর্তৃপক্ষ হতে পেশাদার লাইসেন্স প্রাপ্ত। |
| ০৪ | ল্যাব এ্যাটেনডেন্ট (৮,৫০০-২০,৫৭০/-) (গ্রেড-১৯) সহ প্রাপ্য অন্যান্য সুবিধাদি। | ০১ (এক) | স্থায়ী | ৩২ বৎসর | এস.এস.সি. পাস বা সমমানের ডিগ্রীধারী। স্বীকৃত ল্যাবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ। অভিজ্ঞতা সম্পন্ন/বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ০৫ | আয়া (মাসিক সর্বসাকুল্যে ১১,৫০০/-) | ০১ (এক) | চুক্তিভিত্তিক | ৩২ বৎসর | ৮ম শ্রেণী পাস। ক্লিনিকের কাজে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ। |

শর্তাবলী ঃ

০১। আগ্রহী প্রার্থীদের নির্ধারিত চাকরির আবেদন ফরমে পূরণকৃত দরখাস্ত আগামী ১৮ ডিসেম্বর, ২০২৫ তারিখের মধ্যে সদস্য সচিব, উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার, উত্তরা ইপিজেড, নীলফামারী-৫৩০০ বরাবর পৌঁছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমের নমুনা বেপজার ওয়েবসাইট: www.bepza.gov.bd/download-forms থেকে ডাউনলোড করা যাবে।

০২। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

০৩। দরখাস্তের খামের উপরের মাঝখানে আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

০৪। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৫। আবেদনপত্রের সাথে উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ডের অনুকূলে নিম্নোক্ত ব্যাংক হিসাবে যেকোন তফসিলী ব্যাংক হতে ০১ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত), ০২ নং পদের জন্য ৪০০/- (চারশত) টাকা এবং ক্রমিক নং- ০৩ নং থেকে ০৫ নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবেঃ

ক) হিসাবের নামঃ Uttara EPZ Medical Centre Trustee Board.

খ) হিসাব নম্বরঃ 161.120.0000412

গ) ঠিকানাঃ ডাচ্ বাংলা ব্যাংক পিএলসি, সৈয়দপুর শাখা, নীলফামারী।

০৬। দরখাস্তের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে ঃ

ক. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

খ. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

গ. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঘ. স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র।

ঙ. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদের ফটোকপি। তবে জাতীয় পরিচয় পত্রের মূল কপি যৌক্তিক সময়ে কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।

চ.অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

০৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না।

০৮। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ ও সময় পত্র মারফত/ক্ষুদে বার্তার মাধ্যমে জানানো হবে। কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বা/-
(মুহাম্মদ নাজমুল আলম)
অতিরিক্ত নির্বাহী পরিচালক (কঃঅঃ ও শিঃসঃ)
ও
সদস্য সচিব
উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড
সংগলশী, নীলফামারী।
☎ ঃ +৮৮-০২-৫৮৯৯৬০৩০৮।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। নির্বাহী পরিচালক (জনসংযোগ), বেপজা, ঢাকা-বহুল প্রচারিত একটি জাতীয় দৈনিক পত্রিকায় (একটি বাংলা) ও একটি স্থানীয় (নীলফামারী) দৈনিক পত্রিকায় ৩ কলাম ৬ ইঞ্চি সাইজের বিজ্ঞপ্তি প্রকাশের জন্য বিনীত অনুরোধ করা হলো (১০ কপি নিয়োগ বিজ্ঞপ্তি সংযুক্ত)।
২। নির্বাহী পরিচালক (এম.আই.এস), বেপজা, ঢাকা- বেপজা ওয়েবসাইটে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৩। একান্ত সচিবের মাধ্যমে নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ঢাকা।
৪। পরিচালক (হিসাব ও অর্থ), উত্তরা ইপিজেড।
৫। মেডিকেল অফিসার ও বিভাগীয় প্রধান (অতিরিক্ত দায়িত্ব), উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার, উত্তরা ইপিজেড।
৬। সহকারী সমন্বয় কর্মকর্তার মাধ্যমে নির্বাহী পরিচালক (প্রশাসন), বেপজা, ঢাকা।
৭। সহকারী সমন্বয় কর্মকর্তার মাধ্যমে নির্বাহী পরিচালক, উত্তরা ইপিজেড।
৮। নোটিশ বোর্ডঃ বেপজা নির্বাহী দপ্তর, ঢাকা/চট্টগ্রাম ইপিজেড/ঢাকা ইপিজেড/কর্ণফুলী ইপিজেড/আদমজী ইপিজেড/কুমিল্লা ইপিজেড/ঈশ্বরদী ইপিজেড/মোংলা ইপিজেড।
৯। অফিস কপি।

সদস্য সচিব